B.A./3rd Sem (H)/BENG/22(CBCS)

# 2022

## 3rd Semester Examination

## BENGALI (Honours)

MIDNAPORE CITY COLLEGE
ESTD 2017
CENTRAL LIBRARY

### Paper : GE 3-T

### [CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**[ উপন্যাস ও ছোটগল্প পাঠ ]**

**বিভাগ - ক**

যেকোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'বিষবৃক্ষ' উপন্যাসের প্রথম পরিচ্ছেদের নাম কী? এই পরিচ্ছেদে উল্লিখিত নগেন্দ্রর বাসস্থানের নাম লেখো। ১+১

২। সূর্যমূখীর পিত্রালয় কোথায়? শৈশবে সূর্যমুখী কোন্ দাসীর তত্ত্বাবধানে লালিত-পালিত হয়েছিল? ১+১

৩। 'কাঁটা বলে তুলতে গেলাম কলঙ্কের ফুল, গো সখি কলঙ্কেরি ফুল' — এই গানটি কে গেয়েছে? কোন্ গ্রন্থের কততম পরিচ্ছেদে এই গানটি রয়েছে? ১+১

P.T.O.

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY



৪। 'পথের পাঁচালী' উপন্যাসে অপু কার পাঠশালায় পড়তে গিয়েছিল? গুরুমশাই পড়ানোর পাশাপাশি আর কোন্ কাজ করতেন? ১+১

৫। 'পথের পাঁচালী' উপন্যাসে পাঠশালা কখন বসতো? ক'জন ছাত্রছাত্রী ছিল? ১+১

৬। 'পথের পাঁচালী' উপন্যাসে 'আলকুশি' কী? ২

৭। 'মহেশ' গল্পটি কোন্ গ্রামকে কেন্দ্র করে গড়ে উঠেছে? সেই গ্রামের জমিদারের নাম কী? ১+১

৮। 'মহেশ' গল্পে গফুর জোলার মেয়ের নাম কী? তার বয়স কত? ১+১

৯। 'পোস্টমাস্টার' গল্পে পোস্টমাস্টার যে গ্রামে চাকরি করতে এসেছিল, সেই গ্রামের নাম কী? পোস্টমাস্টারের বাড়ি কোথায়? ১+১

১০। পোস্টমাস্টারের চাকরী ছাড়ার কারণ কী? ১+১

১১। 'মানুষ দেখিলেই যে তাহার অনিষ্ট-স্পৃহা জাগিয়া উঠে।' — কোন্ গল্পের অংশ এটি? এখানে কার কথা বলা হয়েছে? ১+১

১২। 'ডাইনী' গল্পে ডাইনীর প্রকৃত নাম কী ছিল? লোকে তাকে কী বলে ডাকতো? ১+১

১৩। 'বাড়ির পাশে গজালে বিজ্ঞরা খুশি হন।' — কী গজানোর কথা বলা হয়েছে? বিজ্ঞরা কী বলেন? ১+১





১৪। 'কিন্তু দাও এবার আমাকে কাহন দুই খড়' — কোন্ গল্পের অংশ এটি? কে কাকে এই কথা বলেছে? ১+১

১৫। 'বিষবৃক্ষ' উপন্যাসে দেবেন্দ্র রমণীর ছদ্মবেশ গ্রহণ করেছিল কেন? ১+১

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY

## বিভাগ - খ

যেকোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। 'তখন কুন্দনন্দিনী স্বপ্ন দেখিল' — কুন্দনন্দিনীর এই স্বপ্ন দর্শনের তাৎপর্য নির্দেশ করো।

১৭। 'কলিকাতা হইতে দেবেন্দ্র অনেক প্রকার ঢং শিখিয়া আসিয়াছিলেন।' — 'বিষবৃক্ষ' উপন্যাস অবলম্বনে দেবেন্দ্রর ঢংয়ের পরিচয় দাও।

১৮। 'পথের পাঁচালী' উপন্যাসের ইন্দির ঠাকরুণ চরিত্রটির উপযোগিতা ব্যাখ্যা করো।

১৯। 'প্রথম দিনের কথা তাহার মনে পড়িয়া যায়' — 'ডাইনী' গল্প অবলম্বনে ডাইনীর ওই দিনের অভিজ্ঞতা সংক্ষেপে বর্ণনা করো।

২০। 'মহেশ, তুই আমার ছেলে, তুই আমাদের আট সন প্রতিপালন করে বুড়ো হয়েছিস।' — উক্তিটি কার? মহেশ কীভাবে তাদের আটসন প্রতিপালন করেছে তা সংক্ষেপে আলোচনা করো।

২১। 'পৃথিবীতে কে কাহার' — কোন্ গল্পের অংশ এটি? কার মনে কোন্ প্রসঙ্গে এই ভাবনার উদয় হয়েছিল?

P.T.O.

MIDNAPORE CITY COLLEGE • ESTD 2017 • CENTRAL LIBRARY



## বিভাগ - গ

যেকোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'বিষবৃক্ষ' উপন্যাসে কুন্দনন্দিনীর মৃত্যুর শিল্প সার্থকতা বিচার করো।

২৩। 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

২৪। 'মহেশ' গল্পে প্রকাশিত লেখকের সমাজচেতনার পরিচয় দাও।

২৫। 'ডাইনী' গল্পে লেখকের মূল প্রতিপাদ্য নিজের ভাষায় লেখো।

---





MIDNAPORE CITY COLLEGE • ESTD 2017 • CENTRAL LIBRARY

*অথবা*

## [ বাংলা প্রবন্ধ ও কথাসাহিত্যের ধারা এবং প্রবন্ধপাঠ ]

## বিভাগ - ক

যেকোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ফোর্ট উইলিয়াম কলেজের বাংলার প্রধান পণ্ডিত কে ছিলেন? তাঁর দুটি গ্রন্থের নাম লেখো। ১+১

২। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের চারটি প্রবন্ধগ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

৩। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের চারটি অনুবাদমূলক গ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

৪। বুদ্ধদেব বসুর চারটি প্রবন্ধগ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

৫। বঙ্কিমচন্দ্রের লেখা প্রথম বাংলা উপন্যাসের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

৬। বাংলার মোপাসাঁ কাকে বলা হয়? তাঁর দুটি গল্প-সংকলনের নাম প্রকাশকালসহ উল্লেখ করো। ১+১

৭। তারাশঙ্করের প্রথম গল্প কোন্‌টি? সেটি কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ১+১

P.T.O.

MIDNAPORE CITY COLLEGE • ESTD 2017 • CENTRAL LIBRARY



৮। 'কল্লোলের কুলবর্ধন' কাকে বলা হয়? তাঁর লেখা দুটি উপন্যাসের নাম প্রকাশকালসহ উল্লেখ করো। ১+১

৯। 'মনুষ্য একপ্রকার দ্বিপদ জন্তু।'—কোন্ প্রবন্ধের অংশ? সেটি যে প্রবন্ধ-সংকলনের অন্তর্ভুক্ত, তার প্রকাশকাল লেখো। ১+১

১০। 'হে ইংরাজ! আমি তোমাকে কোটি কোটি প্রণাম করি।' — কোন্ প্রবন্ধের অংশ? আলোচ্য প্রবন্ধে কতগুলি ইংরাজ-স্তুতি রয়েছে? ১+১

১১। 'হে নরবর!' আমি সেই বিচিত্রবুদ্ধি; আহারনিদ্রাকুশলী বাবুগণকে আখ্যাত করিব, আপনি শ্রবণ করুন।' — কোন্ প্রবন্ধের অংশ এটি? কে কাকে এই কথা বলেছেন? ১+১

১২। 'ভদ্রে! প্রজাপতি, বিষ্ণু এবং আমি, এই তিন জনে যে সকল নিয়ম নিবন্ধ করিয়া সৃষ্টিস্থিতিলয় করিতেছি, তাহার ব্যতিক্রম কখন মঙ্গল হয় না।' — কোন্ প্রকল্পের অংশ? বক্তা কে? ১+১

১৩। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের চারটি উপন্যাসের নাম প্রকাশকাল সহ উল্লেখ করো। ২

১৪। শরৎচন্দ্রের প্রথম উপন্যাস কোনটি? সেটি কত সালে প্রকাশিত হয়? ১+১

১৫। 'আদাব' গল্পটি কার লেখা? এটি কত সালে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?





MIDNAPORE CITY COLLEGE • ESTD 2017 • CENTRAL LIBRARY

## বিভাগ - খ

যেকোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্ব আলোচনা করো।

১৭। প্রাবন্ধিক প্রথম চৌধুরীর গদ্যরীতির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

১৮। বাংলা প্রবন্ধ সাহিত্যের ইতিহাসে বুদ্ধদেব বসুর মৌলিকতা আলোচনা করো।

১৯। বঙ্কিমচন্দ্রের উপন্যাসে সুগভীর জীবনবোধের যে চিত্র পরিস্ফুট হয়েছে, তা সংক্ষেপে লেখো।

২০। 'বিভূতিভূষণের ছোটগল্পে রয়েছে পল্লীগ্রামের গার্হস্থ্য জীবনের ছবি।' — মন্তব্যটি ব্যাখ্যা করো।

২১। 'ব্যাঘ্রাচার্য বৃহল্লাঙ্গুল' প্রবন্ধে বাঙালির বাগাড়ম্বরপ্রিয়তা, বাবু সাজার প্রতি কটাক্ষ প্রদর্শন প্রভৃতি বিষয়ে প্রাবন্ধিকের পারদর্শিতা সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ - গ

যেকোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

P.T.O.

২৩। রবীন্দ্র-পরবর্তী উপন্যাস সাহিত্যের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব মূল্যায়ন করো।

২৪। 'বাংলা সাহিত্যে বনফুলের ছোটগল্পগুলি এক অপরূপ বিস্ময়।'---উক্ত মন্তব্যের আলোকে গল্পকার বলাইচাঁদ মুখোপাধ্যায়ের মুন্সিয়ানা বিচার করো।

২৫। বঙ্কিমচন্দ্র তাঁর 'বাবু' প্রবন্ধে ব্যঙ্গ বিদ্রূপের মধ্যে দিয়ে বাবু সমাজের যে স্বরূপ তুলে ধরেছেন, তা আলোচনা করো।

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY

---